

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
পাবনা সদর, পাবনা।
<http://dpe.pabnasadar.pabna.gov.bd>
E_mail: ueo.sadar.pabna@gmail.com

নোটিশ

এতদ্বারা পাবনা সদর উপজেলার সম্মানিত সকল প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নবযোগদানকৃত সহকারী শিক্ষকদের PEMIS SYSTEM (Primary Education Management Information System) পদায়ন করা হয়েছে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ <http://www.dpe.gov.bd> ওয়েব সাইডে প্রবেশ করে বা <https://ipemis.dpe.gov.bd> লিংকে প্রবেশ করে নিম্নোক্ত তথ্যাদি দ্রুত যাচাই ও হালফিল করবেন। এ বিষয়ে সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ সকল প্রধান শিক্ষক ও নবযোগদানকৃত শিক্ষকদের PEMIS SYSTEM এ প্রবেশ করে তথ্যাদি হালফিল করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

১। প্রধান শিক্ষকগণ PEMIS SYSTEM এ প্রবেশ করে তার বিদ্যালয়ের শিক্ষক সঠিক আছে কিনা আগামী ৩১/০১/২০২৩ তারিখের মধ্যে যাচাই করবেন কোন অসংগতি থাকলে সংশ্লিষ্ট ক্লাস্টার কর্মকর্তার নিকট অবহিত করবেন (তথ্য যাচাই এমন কোন বিষয় নয় মোবাইলে PEMIS SYSTEM এ প্রবেশ করেও তথ্য যাচাই করা যাবে) এবং পি আরএলে গমন করেছেন এমন শিক্ষক PEMIS SYSTEM এ যদি থাকে তাহলে সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে অবহিত করবেন এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ নিজ আইডিতে প্রবেশ করে শিক্ষকের অবস্থা পরিবর্তন করে দিবেন। কোন সমস্যা হলে অফিসকে অবহিত করবেন।

২। যে সকল শিক্ষক বদলী হয়ে যোগদান করেছেন সে সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ অনলাইন শিক্ষক বদলি সিস্টেমে প্রবেশ করে (<http://ttms.dpe.gov.bd/login> এই লিংকে) যোগদানের জন্য অপেক্ষারত শিক্ষকদের যোগদান সম্পন্ন করবেন।

৩। প্রধান শিক্ষকগণ PEMIS SYSTEM এ ২০২৩ সালের ছাত্র/ছাত্রীর তথ্য হালফিল করবেন।

৪। নবযোগদানকৃত শিক্ষকদের আইডি তৈরি করে দেওয়া হয়েছে। নবযোগদানকৃত শিক্ষকগণ <https://ipemis.dpe.gov.bd> লিংকে সাইন ইন করবেন। সংশ্লিষ্ট শিক্ষকগণ চাকুরীতে অনলাইনে যে মোবাইল নম্বর দিয়ে আবেদন করেছেন। সে মোবাইল নম্বর তার আইডি হবে এবং ৬ টি শূণ্য (০০০০০০) প্রাথমিক পাসওয়ার্ড হবে। পরবর্তীতে সফটওয়্যারের নির্দেশনা মোতাবেক পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে এবং পাসওয়ার্ড সংরক্ষণ রাখতে হবে। কোন ক্রমেই পাসওয়ার্ড অন্য কাউকে প্রদান করা যাবে না। বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/- ৩০/০১/২০২৩
উপজেলা শিক্ষা অফিসার
পাবনা সদর, পাবনা।